অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে পরিবহন বিভাগ গ্রাহকদের জন্য 1.65 মিলিয়ন ডলার পুনরুদ্ধার করেছে গাড়ির ডিলার এবং মেরামতের দোকানগুলি থেকে

ন্যাশনাল কনজিউমার প্রোটেকশন সপ্তাহের সময়, গভর্নর গ্রাহকদের রিফান্ড পাওয়া, টাইটেল পুনরুদ্ধার করতে, এবং মেরামতের কাজ সম্পূর্ণ করার ক্ষেত্রে DMV-র সাফল্য তুলে ধরেছেন

ন্যাশনাল কনজিউমার প্রোটেকশন সপ্তাহ মার্চ 6 থেকে 12 পর্যন্ত চলবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সেই নিউ ইয়র্কবাসীদের জন্য 1.65 মিলিয়ন ডলারেরও বেশি পণ্য ও পরিষেবা পুনরুদ্ধার করা হয়েছে যারা অটো ডিলার এবং মেরামতের দোকান থেকে ত্রুটিপূর্ণ বা প্রতারণামূলক পরিষেবা পেয়েছেন৷ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (New York State Department of Motor Vehicles) গ্রাহকদের টাইটেল পুনরুদ্ধার করতে সাহায্য করেছিল যখন ডিলারশিপগুলি হঠাৎ বন্ধ হয়ে যায়, মানুষদের মেরামত বা রিফান্ড পেতে সহায়তা করেছিল এবং কিছু ক্ষেত্রে, ডিলারশিপগুলি বিবাদের মীমাংসা করার জন্য যানবাহন আবার কিনে নিয়েছিল।

"যখন দুষ্কৃতীরা গ্রাহকদের ঠকানোর চেষ্টা করবে তখন নিউ ইয়র্ক প্রতিরোধ করবে," **গভর্নর হোকল বলেছেন।** "আমার প্রশাসন গ্রাহকদের প্রতারণার হাত থেকে রক্ষা করার জন্য নিবেদিত, যে গাড়ি চালকরা অভিযোগ দায়ের করেন তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে নিশ্চিত করার জন্য যে তারা যেন তাদের প্রদান করার অর্থের মূল্য পান। গ্রাহকদের হয়ে DMV-র দ্বারা পুনরুদ্ধার করা এই অর্থ হল আমাদের রাজ্যকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি ভালো, ন্যায্য স্থান করে তোলার জন্য আমাদের চলমান প্রচেষ্টার একটি প্রমাণ।"

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্যালসের অফিস অফ ভেহিক্যাল সেফটি (Office of Vehicle Safety) সেই গ্রাহকদের অভিযোগ তদন্ত করে যারা বিশ্বাস করেন যে তারা DMV-নিয়ন্ত্রিত ব্যবসার দ্বারা বিভ্রান্ত হয়েছে বা তাদের সাথে অন্যায় করা হয়েছে। 2021 সালে, এজেন্সিটি 385,000 ডলারেরও বেশি মোট 540 জন গ্রাহকের জন্য রিফান্ড প্রদান করতে সক্ষম হয়েছিল। অন্যান্য ক্ষেত্রে, DMV গ্রাহকের যানবাহনের মেরামত কাজের গুণমান সম্পর্কে অভিযোগগুলির তদন্ত করেছিল৷ DMV সেই গ্রাহকদের মোট 78,000 ডলারের অতিরিক্ত মেরামতের কাজ গ্রাহকের কোন অতিরিক্ত খরচ ছাড়াই সম্পন্ন করতে সক্ষম করেছে।

এছাড়াও, কিছু গ্রাহকদের সেই গাড়ির ডিলাররা গাড়ি বিক্রি করেছিল যাদের ব্যবসা গাড়ির টাইটেল জারি করার আগেই ব্যবসার বন্ধ হয়ে গেছিল, যার অর্থ গ্রাহকএর মালিকানার কোন প্রমাণ ছিল না কিন্তু অনেক ক্ষেত্রে তাও গাড়ির পেমেন্ট দিতে হচ্ছিল। DMV-এর যানবাহনের সুরক্ষা এবং টাইটেল পরিষেবার (Vehicle Safety and Title Services) অফিসগুলি সেই গ্রাহকদের জন্য 682,000 ডলারের বেশি মূল্যের গাড়ির টাইটেল পুনরুদ্ধার করতে এক সঙ্গে কাজ করেছে।

2017 সাল থেকে, যখন DMV সেই পুনরুদ্ধারগুলির ডেটা ট্র্যাক করতে শুরু করেছে তখন বিভাগটি 279 জন গ্রাহককে 4.5 মিলিয়ন ডলারেরও বেশি মূল্যের তাদের যানবাহনের স্পষ্ট শিরোনাম পেতে সাহায্য করেছে।

একটি গাড়ির টাইটেলের একটি শংসাপত্র হল সেই নথি যা একজন ব্যক্তি বা ব্যবসাকে আইনী মালিক হিসাবে প্রতিষ্ঠিত করে। এটি গাড়ির ইতিহাস এবং গাড়ির বছর, ব্র্যান্ড এবং মডেল সহ গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত করে। একটি টাইটেল ছাড়া, একজন গাড়ির মালিক মালিকানা হস্তান্তর করতে, একটি লিয়েন অপসারণ করতে, বা গাড়ির জন্য ঋণ নিতে বা একটি বীমার দাবি দায়ের করার জন্য প্রয়োজনীয় মালিকানার প্রমাণ দিতে অক্ষম হন।

কিছু ক্ষেত্রে যেখানে গ্রাহক গাড়ি কেনার বিষয়ে নালিশ দাখিল করেছেন, ডিলাররা DMV তদন্তের সময় গাড়িটি আবার কিনে নেওয়ার প্রস্তাব দিয়েছিলেন। 2021 সালে এই ধরনের পুনঃক্রয়ের মূল্য 503,000 ডলারেরও বেশি ছিল।

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের কমিশনার মার্ক জে.এফ. শ্রোডার বলেছেন, "DMV-তে আমাদের যানবাহনের সুরক্ষার ইউনিট গ্রাহকদের পক্ষে যে কাজ করে তার জন্য আমরা খুব গর্বিত। যিনি মনে করেন যে বিক্রয় বা মেরামতের সময় তাকে ঠকানো হয়েছে, তার মনে রাখা উচিত যে তিনি যার জন্য অর্থ ব্যয় করেছেন তা যেন তিনি পান তা নিশ্চিত করার জন্য তাদের কাছে একজন উকিল উপলব্ধ।"

যখন গ্রাহকরা নালিশ করেন, DMV প্রথমে সেটি গ্রাহক এবং ব্যবসাটির সাথে আলোচনা করে আপসের মাধ্যমে সমাধান করার জন্য। আনুমানিক অর্ধেক নালিশ সরাসরি মিমাংসা করা হয়। যদি সমস্যার সমাধান না হয়, একজন DMV ইন্সপেক্টর নালিশটির তদন্ত করেন। যদি পাওয়া যে যে একজন ডিলার বা দোকান আইন এবং/বা বিধি লংঘন করেছে, তাহলে DMV জরিমানা আরোপ করতে পারে এবং ব্যবসার নিবন্ধনগুলি স্থগিত বা প্রত্যাহার করতে পারে।

একটি নালিশ দাখিল করার বিষয়ে আরো জানতে, DMV-র গ্রাহকদের প্রতি নির্দেশ দেখুন। DMV ব্যবসাগুলিকে সাহায্য করে এবং তাদের অধিকার সম্পর্কে তথ্য প্রদান করে যদি তারা একটি নালিশের সম্মুখীন হন আমাদের ফেসিলিটির জন্য নির্দেশিকা-তে।

নিউ ইয়র্কবাসীরা তাদের অধিকার সম্পর্কে জানতে পারেন যখন তারা তাদের গাড়ি একটি মেরামতের দোকানে নিয়ে আসেন DMV-র গাড়ি মেরামতের পৃষ্ঠায় আপনার অধিকার জানুন এ।

তারা একটি রাজ্যের দ্বারা লাইসেন্স করা মেরামতের দোকান বা ডিলার ব্যবহার করছেন যা মেরামতের কাজ করে তা নিশ্চিত করতে গ্রাহকদের দোকানের বাইরে একটি সবুজ এবং সাদা রঙের "নিবন্ধিত নিউ ইয়র্ক স্টেটের মোটর যানবাহন মেরামত দোকান" চিহ্ন এবং ভিতরে একটি বৈধ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের নিবন্ধন সার্টিফিকেট সন্ধান করা উচিত। একটি ডিলারশিপের জন্য চিহ্নটি লাল বা সাদা হবে।

গ্রাহকরা একটি DMV নিয়ন্ত্রিত ব্যবসা খুঁজে পান ওয়েব পৃষ্ঠায় একটি মেরামতের দোকান, গাড়ির ডিলার বা গাড়ি পরীক্ষার স্টেশন সঠিকভাবে নিবন্ধিত কি না তা যাচাই করতেও পারেন।যে গ্রাহকরা গাড়ি কিনতে, বিনিময় বা বিক্রি করতে প্রস্তুত হচ্ছেন, তাদের জন্য DMV প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে তাদেরগ্রাহক সচেতন থাকুন পৃষ্ঠায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418